



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/3/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল, মেয়র ব্রাউন এবং 5/14 স্মৃতিসৌধ কমিশন একটি স্থায়ী স্মৃতিসৌধের নকশার ধারণার জন্য একটি জমাদানের অনুরোধ ঘোষণা করেছেন

*নকশা ধারণার জন্য জমাদানের অনুরোধ হলো জনগণকে জড়িত করার ক্যাম্পেইনের পরবর্তী ধাপ*

**জমাদানের অনুরোধ দেখুন [এখানে](#)**

গভর্নর ক্যাথি হোকল, মেয়র বায়রন ব্রাউন, এবং 5/14 স্মৃতিসৌধ কমিশন (5/14 Memorial Commission) আজকে একটি স্থায়ী 5/14 স্মৃতিসৌধের নকশা ধারণার জন্য জমাদানের অনুরোধ ঘোষণা করেছেন। কমিশন চায় সকল বয়স ও ব্যাকগ্রাউন্ডের ব্যক্তির নকশা ধারণার জন্য বুদ্ধি জমা করুক। জমাদানের অনুরোধে (Request for Submissions) একটি দুই ধাপের প্রক্রিয়া থাকবে: প্রথম অংশটি হলো স্মৃতিসৌধের জন্য বৃহত্তর ধারণা এবং সম্ভাব্য সেরা নকশাকারী সনাক্ত করার জন্য একটি উন্মুক্ত জমাদান। সাড়াদানকারীদের মধ্যে অল্প কয়েকজনকে তাদের চূড়ান্ত নকশা জমা দিতে বলা হবে যেখানে মূল সাইটের অবস্থা এবং পেশাদার অনুমিত ব্যয় বিবেচনা করা হবে।

"ত্বকের রঙের কারণে নিরর্থকভাবে হত্যা করা আমাদের বাফেলোর দশ প্রতিবেশীকে আমরা কখনো ভুলে যাবো না, এবং এই ভয়ঙ্কর, বর্ণবাদী সন্ত্রাসী কর্মকাণ্ড থেকে নিরাময়ের সময় ইস্ট বাফেলোকে সমর্থন করার প্রতিশ্রুতিতে আমরা অবিচল আছি," **গভর্নর হোকল বলেন।**

"আমরা যাদের হারিয়েছি তাদের জীবন ও লিগেসিকে সম্মান জানাতে এবং একই সাথে মর্মান্তিক এই ঘটনার দ্বারা সম্প্রদায়ের প্রভাবিত ব্যক্তিদের জন্য মেয়র ব্রাউন, 5/14 স্মৃতিসৌধ কমিশনের সদস্যগণ এবং জনগণের অব্যাহত প্রয়াসের জন্য তাদের প্রতি আমি কৃতজ্ঞ।"

**বাফেলোর মেয়র বায়রন ব্রাউন বলেন,** "এই প্রক্রিয়ার শুরু থেকেই আমাদের লক্ষ্য ছিলো কেড়ে নেওয়া প্রাণ এবং ঘৃণার বিদ্বेषপূর্ণ এই ঘটনা দ্বারা প্রভাবিত জীবনের সম্মানে একটি জীবন্ত স্মৃতিসৌধ তৈরি করা। জনগণের জমা করা সকল নকশার ধারণা দেখার জন্য আমি উন্মুখ। পরিবারের ও সম্প্রদায়ের ইচ্ছার প্রতিফলন করবে এমন একটি স্মৃতিসৌধ তৈরি করার জন্য বিগত কয়েক মাস ধরে 5/14 স্মৃতিসৌধ কমিশন যে কাজ করেছে তা নিয়ে আমি গর্বিত।"

1 নভেম্বর থেকে 1 ডিসেম্বর, 2023 পর্যন্ত জমা গ্রহণ করা হবে। অংশ 1 এর জমা পর্যালোচনা করা হবে, এবং প্রক্রিয়ার অংশ 2 এ অংশগ্রহণ করার জন্য নির্বাচিত ব্যক্তিদেরকে 23 জানুয়ারি, 2024 তারিখে বাছাই করা হবে। জমাদানের অনুরোধ [এখানে](#) দেখা যাবে।

**5/14 স্মৃতিসৌধ কমিশনের সভাপতি রেভারেন্ড মার্ক ই ব্লু বলেন,** "আমরা এখন পর্যন্ত যেই অগ্রগতি করেছি তা নিয়ে আমরা আনন্দিত এবং কী নকশার ধারণা জমা হয় তা দেখার জন্য উন্মুখ। আমাদের সম্প্রদায় জড়িতকরণ ইভেন্টসমূহে অংশগ্রহণ করার জন্য এবং আমাদের জরিপে অংশগ্রহণ করার জন্য আমি জনগণের প্রতি কৃতজ্ঞ।

এর পূর্বে এই বছরে গভর্নর হোকল, মেয়র ব্রাউন এবং 5/14 স্মৃতিসৌধ কমিশন জনগণকে জড়িতকরণ ক্যাম্পেইনের সূচনা [ঘোষণা করেন](#), যার মধ্যে উন্মুক্ত বৈঠক এবং সম্প্রদায়ের একটি জরিপ অন্তর্ভুক্ত। 5/14 স্মৃতিসৌধ সম্প্রদায়ের জরিপ এখনো খোলা আছে এবং এটি 5/14 স্মৃতিসৌধের চরিত্র ও এতে কী উপাদান অন্তর্ভুক্ত থাকবে সে সম্পর্কে জনগণকে তাদের চিন্তা ও অনুভূতি ব্যক্ত করার একটি সুযোগ প্রদান করে। 1 নভেম্বর পর্যন্ত এটি খোলা থাকবে। 5/14 স্মৃতিসৌধ কমিশন এবং 5/14 জরিপ সম্পর্কে আরো তথ্যের জন্য [www.514memorial.com](http://www.514memorial.com) ভিজিট করুন।

### 5/14 স্মৃতিসৌধ কমিশন

2022 সালের মে মাসে জেফার্সন অ্যাভিনিউয়ের টপস ফ্রেন্ডলি মার্কেটে (Tops Friendly Market) গণ গুলিবর্ষণের ঘটনার প্রতিক্রিয়া হিসেবে 2022 সালের অক্টোবর মাসে গভর্নর হোকল এবং মেয়র ব্রাউন কর্তৃক কমিশনটি [প্রতিষ্ঠিত](#) হয়। 5/14 স্মৃতিসৌধ কমিশন এগারজন সদস্য নিয়ে গঠিত হয়েছে, যার মধ্যে পাঁচজনকে গভর্নর নিয়োগ দিয়েছেন, পাঁচজনকে বাফেলো সিটির মেয়র বায়রন ব্রাউন নিয়োগ দিয়েছেন, এবং উভয় যৌথভাবে এর প্রধান নির্বাচন করেছেন। বাফেলো অশ্বেতাঙ্গ মানুষের অগ্রগতির জন্য জাতীয় অ্যাসোসিয়েশনের (National Association for the Advancement of Colored People, NAACP) প্রেসিডেন্ট রেভারেন্ড মার্ক ই ব্লু কমিশনের প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন এবং অন্যান্য সদস্যদের মধ্যে রয়েছে ভিকটিম ও ভুক্তভোগীর পরিবারের সদস্য, বাসিন্দা, স্থানীয় শিল্পী, এবং ব্যবসায়িক নেতৃবৃন্দ।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)